

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
প্রশিক্ষণ অধিশাখা  
প্রশিক্ষণ শাখা-২  
[www.lawjusticediv.gov.bd](http://www.lawjusticediv.gov.bd)

নং- ১০.০০.০০০০.১৫১.২৯.০০৪.২৫-৫৬


তারিখ: ০৩ আষাঢ় ১৪৩৩  
১৭ জুন ২০২৬

**বিষয়ঃ** বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের অভিভাষণ প্রদান অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য ঢাকা বিভাগে কর্মরত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সকল সদস্যের মনোনয়ন প্রসঙ্গে।

**সূত্রঃ** স্মারক নং-৪৭৬৩, তারিখ-১৬/০৬/২০২৬, হাইকোর্ট বিভাগ (বিচার শাখা), বাংলাদেশ সুপ্রীম কোর্ট।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শে আগামী ২০ জুন ২০২৬ খ্রি. শনিবার সকাল ১০:০০ ঘটিকায় সুপ্রীম কোর্ট জাজেস স্পোর্টস কমপ্লেক্সে আয়োজিত বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের অভিভাষণ প্রদান অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য ঢাকা বিভাগে কর্মরত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সকল সদস্যকে (চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কর্তৃক মনোনীত একজন করে সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটকে দায়িত্বে রেখে) মনোনয়ন প্রদান করা হলো।

২। উল্লেখ্য, উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণকারী বিজ্ঞ বিচারকগণ বিধি মোতাবেক টিএ/ডিএ প্রাপ্ত হবেন। এতে অংশগ্রহণের জন্য প্রাধিকারপ্রাপ্ত বিজ্ঞ বিচারকগণ সরকারি গাড়ি ব্যবহার করে অনুষ্ঠানে অংশগ্রহণ করতে পারবেন; তবে এক্ষেত্রে তিনি টিএ (ভ্রমণ ভাতা) প্রাপ্ত হবেন না।


  
ড. আবুল হাসানাত  
যুগ্মসচিব (প্রশিক্ষণ অধিশাখা)  
ফোনঃ ০২৯৫৪০৭৫৩

নং- ১০.০০.০০০০.১৫১.২৯.০০৪.২৫-৫৬/১(৭)

তারিখ: ০৩ আষাঢ় ১৪৩৩  
১৭ জুন ২০২৬

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২. জনাব/বেগম .....
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪. সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৫. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য।)
৬. গার্ড ফাইল।
৭. অফিস কপি।

  
১৭.০৬.২০২৬  
মোঃ জিবন উদ্দীন  
সহকারী সচিব  
(প্রশিক্ষণ শাখা-২)